তারিখ ... 14 JUN 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

কালের কণ্ঠ

# ডিগ্রিতে পাসের হার ৮৬.৭৬%

নিজস্ব প্রতিবেদক, গাজীপুর ▷

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৪ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। এতে গড় পাসের হার ৮৬.৭৬ শতাংশ। গতকাল সোমবার দুপুরে জাতীয় বিশ্ববিদ্যালয়ে জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তরের ভারপ্রাপ্ত পরিচালক মো. ফয়জুল করিম স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ২০১৪ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার ফল রবিবার বিকেল ৫টায় প্রকাশিত হয়েছে। সারা দেশের এক হাজার ৭৩৩টি কলেজ থেকে দুই লাখ ১৪ হাজার ৭৭ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে এক লাখ ৮৫ হাজার ৭২৯ জন উত্তীর্ণ হয়েছেন। উত্তীর্ণের গড় হার ৮৬.৭৬ শতাংশ।

পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ও কলেজওয়ারি ফল বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে (www.nu.edu.bd) ও (www.nubd.info) এবং যেকোনো মোবাইল ফোনের মেসেজ অপশনে গিয়ে nu deg Reg. No লিখে ১৬২২২ নম্বরে Send করে ফল পাওয়া যাবে। প্রকাশিত এ ফল পুনর্নিরীক্ষণের জন্য ৩০ জুন পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে।